



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা  
সাধারণ শাখা



সভাপতি	হাবিবুর রহমান
	জেলা প্রশাসক
সভার তারিখ	১৬/১০/২০২২
সভার সময়	দুপুর - ০২.০০ ঘটিকা।
স্থান	জেলা প্রশাসক, বরগুনা এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা : পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বরগুনা সভায় বক্তব্য রাখার জন্য সভাপতিকে অনুরোধ করেন। সভাপতি বলেন, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০ খারা মোতাবেক প্রত্যেক কার্যালয় তথ্য সরবরাহের নিমিত্ত একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করবেন, কিন্তু অনেক অফিসে এখনো দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয়নি এবং অফিসের ওয়েবসাইটে দায়িত্বপ্রাপ্ত কর্তৃকর্তার তথ্য দেয়া নেই যার ফলে সেবা প্রত্যাশীগণ যথাযথ তথ্য পাচ্ছেন। তাই তিনি যে সকল কার্যালয়ে এখনো কোন তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করা হয়নি, সে সকল কার্যালয়ে তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করার জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন, তথ্য পাওয়ার অধিকার সকলের আছে এবং সে তথ্য সরবরাহ করা আমাদের দায়িত্ব। তথ্য সরবরাহের ক্ষেত্রে জনগন যাতে সঠিক তথ্য পায় তা আমাদেরকে নিশ্চিত করতে হবে। কেউ যদি তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী তথ্য চেয়ে আবেদন করে, নির্ধারিত সময়ের মধ্যে সে তথ্য সরবরাহ করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি বলেন, তথ্য অধিকার নিশ্চিত করার জন্য সিটিজেন চার্টার থাকা অবশ্যই জরুরী কেননা সিটিজেন চার্টার নাগরিকের তথ্য পাওয়ার অধিকার নিশ্চিত করে। তিনি সকল অফিসে সিটিজেন চার্টার টানানোর জন্য নির্দেশ প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরগুনা বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শোনান। তাতে কোন প্রকার সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। অতঃপর তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান ও সভার কার্যবিবরনী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটির সেপ্টেম্বর-২০২২ মাসের সভা আগামী ১০ দিনের মধ্যে আয়োজন করে সভার কার্যবিবরনী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটির নিয়মিত সভা করে সভার কার্যবিবরনী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটির সেপ্টেম্বর-২০২২ মাসের সভা আগামী ১০ দিনের মধ্যে আয়োজন করে সভার কার্যবিবরনী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা।
০২	তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আবেদন গ্রহণ ও নিষ্পত্তির অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়।	তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী অন্যান্য দপ্তরে কতটি আবেদন করা হয়েছে এবং কতটি নিষ্পত্তি করা হয়েছে তার কোন তথ্য নেই। তাই তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী অন্যান্য দপ্তরে তথ্য চেয়ে কতটি আবেদন করা হয়েছে এবং কতটি নিষ্পত্তি করা হয়েছে তার প্রতিবেদন আগামী তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ(সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভায় ১০ দিন আগে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১। সংক্ষিট দপ্তর প্রধান(সকল) ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা।

০৩	তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের নিমিত্ত জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনলাইন প্রশিক্ষণ প্রদান এর বিষয়ে আলোচনা করা হয়।	যে সকল সরকারি ও বেসরকারি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ এখনো প্রশিক্ষণ গ্রহণ করেনি সে সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে দপ্তর প্রধানের উপস্থিতিতে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) বরগুনা। ২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান। ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) বরগুনা।
০৪	জেলা এবং উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	জেলা এবং উপজেলা পর্যায়ে সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল আগামী ৩১/১০/২০২২ তারিখের মধ্যে শতভাগ হালনাগাদ করতে হবে।	১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা।
০৫	তথ্য অধিকার আইন, ২০০৯ ব্যাপক প্রচারের জন্য সভা/ সেমিনার আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।	তথ্য অধিকার আইন, ২০০৯ ব্যাপক প্রচারের জন্য সভা/ সেমিনার আয়োজন করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরগুনা। ২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান। ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
০৬	জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের হাল নাগাদ সাধারণ তথ্যাবলী স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের হাল নাগাদ সাধারণ তথ্যাবলী স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।	১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান। ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিতি সকলকে মূল্যবান পরামর্শ, গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন ও আলোচনায়  
অংশগ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন।

হাবিবুর রহমান

জেলা প্রশাসক

তারিখ: ১০ কার্তিক ১৪২৯

স্মারক নম্বর: ০৫.১০.০৮০০.১০৫.২৮.০০১.২২.২০৭

২৬ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যৈষ্ঠতার

ক্রমানুসারে নথি):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, , ঢাকা।
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁা,, ঢাকা।
- ৩) সচিব (সমষ্টি ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, , ঢাকা।
- ৪) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, , ঢাকা।
- ৫) সচিব, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা), এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, , ঢাকা।
- ৬) বিভাগীয় কমিশনার, , ঢাকা।

৭) উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর/আমতলী/বামনা/বেতাগী/পাথরঘাটা/, তালতলী।

৮) -----, বরগুনা।



হাবিবুর রহমান

জেলা প্রশাসক